



## বিদেশমুখী কর্মসংস্থানের জন্য ভাষা প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের নির্দেশ প্রধানমন্ত্রীর



সংগৃহীত ছবি

বিদেশে কর্মসংস্থানের সুযোগ বাড়াতে দক্ষ জনশক্তি তৈরির লক্ষ্যে দেশে ভাষা প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। বৃহস্পতিবার (৫ মার্চ) সচিবালয়ে বৈদেশিক কর্মসংস্থান বৃদ্ধি ও প্রবাসী কল্যাণসংক্রান্ত কমিটির বৈঠকে তিনি এ নির্দেশনা দেন।

বৈঠকে প্রধানমন্ত্রী বলেন, দেশি ও বিদেশি শিক্ষকদের সমন্বয়ে এসব ভাষা প্রশিক্ষণ কেন্দ্র পরিচালনা করতে হবে, যাতে কর্মপ্রত্যাশীরা বিদেশে কাজের জন্য প্রয়োজনীয় ভাষা দক্ষতা অর্জন করতে পারেন। দ্রুত কীভাবে বিদেশে কর্মসংস্থানের সুযোগ বাড়ানো যায়, সে বিষয়েও সভায় আলোচনা হয়।

এ ছাড়া বিদেশে কাজের সুযোগ পেতে যেন কাউকে নিজের সম্পদ বিক্রি করতে না হয়, সে জন্য স্বল্প সুদে ব্যাংক ঋণ চালু ও ঋণপ্রাপ্তির প্রক্রিয়া সহজ করার নির্দেশ দিয়েছেন তিনি। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে বলা হয়েছে।

একই সঙ্গে প্রবাসীদের সুবিধা বাড়াতে ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, চট্টগ্রামের শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দর এবং সিলেটের এমএজি ওসমানি আন্তর্জাতিক বিমানবন্দরের টার্মিনালে উন্নত দেশের মতো বিনামূল্যে ওয়াইফাই চালুর নির্দেশও দিয়েছেন প্রধানমন্ত্রী। বিষয়টি নিশ্চিত করেছেন প্রধানমন্ত্রীর অতিরিক্ত প্রেস সচিব।